

সি.এস.
৪২

শতকরা ২৫ ভাগ মহার্ঘ ভাতা দাবি করেছে শিক্ষক সমিতি

স্টাফ রিপোর্টার : বাংলাদেশ শিক্ষক সমিতি শতকরা ২৫ ভাগ মহার্ঘ ভাতা প্রদানের জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছে। পাশাপাশি জাতীয় স্তরে অনুযায়ী বাড়ি ভাড়া, মেডিক্যাল ইনক্রিমেন্টসহ বিভিন্ন ভাতাদি প্রদানের দাবি জানিয়েছে। অফিসের বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মোঃ আবুল বাশার হাওলাদার ও মহাসচিব মোঃ নজরুল ইসলাম এক যুক্ত বিবৃতিতে এই দাবি জানান। বিবৃতিতে তারা, ১৯৯৫ সালের শিক্ষা বিরোধী জনবল কাঠামো ও প্রধান শিক্ষক সহকারী প্রধান শিক্ষক নিয়োগের প্রজ্ঞাপন বাতিলের দাবি জানান।

বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মোঃ আবুল বাশার যুক্ত বিবৃতিতে বলা হয়, প্রবাসীদের উর্ধ্বগতিতে বেসরকারী শিক্ষকদের জীবন নির্বাহ অসম্ভব হয়ে পড়েছে। এছাড়া প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষক নিয়োগে প্রচলিত বিধি শিক্ষাবনে ওই পদদ্বয়ে সূন্যতা সৃষ্টি করেছে। এজন্য ১৯৯৫ সালে জারিকৃত প্রজ্ঞাপনের বিধিবিধান বাতিল করার জন্য শিক্ষাসহায়ক নীতিমালা প্রণয়নের জন্য শিক্ষা উপদেষ্টার প্রতি আহ্বান জানান তারা।

বিবৃতিতে আরও বলা হয়, অবসর সুবিধা বোর্ড ও কম্পাণ ট্রাস্টের টাকা উত্তোলনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রের সুনির্দিষ্ট নিয়মাবলী না থাকা এবং প্রতি মূহুর্তে নতুন নিয়ম চালু করায় অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীরা টাকায় এসে হয়রানির শিকার হচ্ছেন। বিবৃতিতে, এ দু'টি বোর্ডের সদস্য সচিবদের অদক্ষতা ও দুর্নীতির জন্য অবসরপ্রাপ্ত শিক্ষকরা হয়রানির শিকার হচ্ছেন অভিযোগ করে এজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা সচিবের প্রতি আকৃতি জানানো হয়। পাশাপাশি তাদের অপসারণ করে সং ও বোধ্য সদস্য সচিব নিয়োগ দিয়ে শিক্ষকদের প্রত্যাশা পূরণের আহ্বান জানানো হয়।